

তারিখ: ১৫/১২/২০২২ খ্রি.

২০২১ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি (পুনঃসংশোধিত)

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীদের ২০২১ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে আবেদন ফরম পূরণ অন-লাইনে (www.nubd.info/honours) গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে লগইন করে সঠিক তথ্য এন্ট্রি দিয়ে আগামী ১৯/১২/২০২২ হতে ১৯/০১/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। আবেদন ফরমের প্রিন্টকপি, Payslip ও কাগজপত্রাদি আগামী ১০/০১/২০২৩ হতে ১৯/০১/২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য যে, অনিয়মিত/অকৃতকার্য/মানোন্নয়ন পরীক্ষার্থীরা আবেদন ফরম ডাউনলোড করার পর আগামী ১০/০১/২০২৩ হতে ১৮/০১/২০২৩ তারিখের মধ্যে ফরমসহ নির্ধারিত ফি স্ব-স্ব বিভাগে ম্যানুয়েলি জমা দিবে।

১। ফি জমাদান: <https://sbl.com.bd:7070> লিংকে গিয়ে National University Fees মেন্যু থেকে Form Fill-Up সিলেক্ট করে চাহিত তথ্য এন্ট্রি দিয়ে নির্ধারিত ফি আগামী ১৯/১২/২০২২ হতে ১৯/০১/২০২৩ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।

২। প্রয়োজনীয় কাগজপত্র:

- (ক) ফরমের নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের ১কপি ছবি গাম দিয়ে লাগিয়ে অপর ১কপি ছবি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।
(খ) ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ১কপি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

৩। অংশগ্রহণের যোগ্যতা:


নিয়মিত: ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে তারা ২০২১ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

অনিয়মিত: ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ইতোপূর্বে ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে Promoted হয়নি তারা ২০২১ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

গ্রেডউন্নয়ন: যেসকল শিক্ষার্থী ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড পেয়েছে অথবা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদের অবশ্যই সকল কোর্সে গ্রেডউন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। যেসকল শিক্ষার্থী ২০২০ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় এক বা দুটি কোর্সে "C" বা "D" গ্রেড পেয়েছে ঐ সকল কোর্সে ২০২১ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় গ্রেডউন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া যেসকল শিক্ষার্থী ২০২০ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C. Promoted হয়েছে তারা অনুপস্থিত ১টি কোর্সে এ পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

৪। ফি এর বিবরণ:

বিষয়/বিভাগের নাম	প্রকার	জাতীয় বিশ্ববিদ্যালয়				কলেজ			সর্বমোট
		পরীক্ষার ফি (পূর্ণপত্র/অর্ধপত্র)	ব্যবঃ	ইনকোর্স	অন্তর্ভুক্তি	কেন্দ্র	ব্যবঃ	ব্যবস্থাপনা	
বাংলা/ইংরেজি/ইতিহাস/ ইসঃ ইতিহাস ও সংস্কৃতি/ দর্শন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি /ব্যবস্থাপনা/হিসাববিজ্ঞান	নিয়মিত	৮×২৫০=২০০০	--	১০০	--	৪৫০	--	৫০	২,৬০০
	অনিয়মিত	৮×২৫০=২০০০	--	--	--	৪৫০	--	৫০	২,৫০০
প্রাণিবিদ্যা/উদ্ভিদবিজ্ঞান/ গণিত	নিয়মিত	৭×২৫০=১৭৫০	২৫০	১০০	--	৪৫০	১৫০	৫০	২,৭৫০
	অনিয়মিত	৭×২৫০=১৭৫০	২৫০	--	--	৪৫০	১৫০	৫০	২,৬৫০
১ পত্র বিশিষ্ট পরীক্ষার্থী	গ্রেডউন্নয়ন	১×২৫০=২৫০	--	--	৩০০	৪৫০	--	৫০	১,০৫০
২ পত্র বিশিষ্ট পরীক্ষার্থী	গ্রেডউন্নয়ন	২×২৫০=৫০০	--	--	৩০০	৪৫০	--	৫০	১,৩০০
C. Promoted পরীক্ষার্থী		১×২৫০=২৫০	--	--	১০০০	৪৫০	--	৫০	১,৭৫০


অধ্যক্ষ ১৫.১২.২২

রাস্কামাটি সরকারি কলেজ
রাস্কামাটি পার্বত্য জেলা

২৫/১২/২০২২

বিতরণ: ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাস্কামাটি;

২। বিভাগীয় প্রধান(সকল বিভাগ), অত্র কলেজ, রাস্কামাটি;

৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাস্কামাটি;

৪। সংরক্ষণ নথি।